

২৭ জুন ২০২৪



বরাবর

আয়োজকবৃন্দ : বদরুল ভাই , জিয়াউল হক মুক্তা, নিখিল দা, প্রদীপ দা , রানা ভাই, ফারুক ভাই এবং মীর আলী ভাই

বিষয়: আগামী ২৯ জুন ২০২৪, শনিবার, সকাল ১০.৩০ মিনিটে পুরানা পল্টন, ঢাকায় পল্টন টাওয়ারে অবস্থিত ইকোনমিক রিপোর্টার্স ফোরামের হলরুমে অনুষ্ঠিত “কর বৃদ্ধি নয়, দুর্নীতি বন্ধ ও অর্থ পাচার বন্ধই হোক সর্বোচ্চ অগ্রাধিকার” শীর্ষক সংবাদ সম্মেলনে আমন্ত্রণ।

প্রিয় মহোদয়,

ইকুটিবিডি সচিবালয়ের পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন।

- ১। আপনারা অবগত আছেন, বাংলাদেশে দুর্নীতি এক মহামারীতে পরিণত হয়েছে। অনেক উন্নয়ন প্রকল্প ও জনসেবা সাফল্যের মুখ দেখছে না এই দুর্নীতির কারণে। দুর্নীতিবদ্ধ বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার এই সমস্যাকে আরো ঘনীভূত করেছে। বাংলাদেশের সুশীল সমাজ দীর্ঘদিন ধরে এই দুর্নীতি বন্ধের জন্য প্রতিবাদ ও সচেতনতা সৃষ্টির কাজ করে যাচ্ছে।
- ২। দুর্নীতি বন্ধ যেমন এই মুহূর্তে সর্বোচ্চ অগ্রাধিকারের দাবি রাখে, তেমনি অগ্রাধিকার দাবি রাখে পুঁজি পাচার বন্ধ করাটাও। পুঁজি পাচারের ফলে দেশ রাজস্ব থেকে যেমন বঞ্চিত হচ্ছে, তেমনি সম্ভাব্য বিনিয়োগের সুফল থেকেও বঞ্চিত হচ্ছে সরকার ও জনগণ। ইতিহাসে দেখা গেছে পাচারকৃত পুঁজি সহজে আর দেশে ফেরত আসে না।
- ৩। অর্থনীতিবিদেরা বলেন, দেশের অভ্যন্তরে রাজনৈতিক অস্থিরতা, গৃহযুদ্ধ, অত্যধিক দুর্নীতি ও ব্যবসা বাণিজ্যের সংস্কৃতিতে দুর্বৃত্তায়নের ফলে সাধারণত পুঁজি পাচার ঘটে। আর ঘটে যখন, অর্জিত কালো টাকা নিয়ে কেউ বিদেশে পাড়ি জমাতে চায়। বাংলাদেশে এর অনেকগুলো লক্ষণই স্পষ্ট।
- ৪। আমরা মনে করি, বাংলাদেশ সরকারের উচিত, এই মুহূর্তে সরকারের আয় বৃদ্ধির জন্য কর না বাড়িয়ে দুর্নীতি ও পুঁজি পাচার বন্ধ করার ব্যাপারে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করে কাজ করার। এ বিষয়ে সুনির্দিষ্ট কতগুলো সুপারিশ নিয়ে ইকুটিবিডি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ, বাংলাদেশ বা ইকুটিবিডি আপনাদের সংগঠনসমূহ সহ আগামী ২৯ জুন ২০২৪, শনিবার, সকাল ১০.৩০ মিনিটে, পুরানা পল্টন, ঢাকায় পল্টন টাওয়ারে অবস্থিত ইকোনমিক রিপোর্টার্স ফোরামের হলরুমে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করেছে।

উক্ত সংবাদ সম্মেলনে আপনার এবং আপনার সংগঠনের পক্ষ থেকে জনগুরুত্বপূর্ণ বিষয়টি আপনার বক্তব্যে তুলে ধরবেন, এই আশায় সনির্বন্ধ আমন্ত্রণ জানাচ্ছি।

বিনীত,

মোস্তফা কামাল আকন্দ

সচিবালয় সমন্বয়ক

ইকুটিবিডি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ, বাংলাদেশ

ইমেইল: [kamal@coastbd.net](mailto:kamal@coastbd.net) ফোন: ০১৭১১৪৫৫৫৯১